

দাঁত শির-শির করা

● অধ্যাপক ড. অরুণ রতন চৌধুরী ●

বিভাগীয় প্রধান, ডেন্টেলি বিভাগ

বারডেম, ইব্রাহীম মেডিকেল কলেজ

চেম্বার: ১৫/এ গ্রীন স্কয়ার, গ্রীন রোড, ঢাকা

একটি দুটি দাঁত বা
অনেকগুলো দাঁত

হঠাৎ কখনো শিরশির করতে পারে।

দাঁত শির শির করার অভিজ্ঞতা

অনেকেরই আছে। যেমন তারা

ডাক্তারের কাছে এসে বলেন আমার

দাঁতটি শির-শির করে, পানি খেতে

পারি না, কেউ বা বলেন চা খেতে

পারি না। আবার কেউ বলেন ঠান্ডা

গরম কিছুই খেতে পারি না, দাঁতে

ধরে। দাঁতের এই শির-শির করা

অবস্থাকেই বলা হয় ডেন্টাল

ইরেসান বা এন্ট্রিশন, এই এন্ট্রিশন

বা ইরেসান হওয়ার কারণ হচ্ছে

দাঁতের উপরের সবচেয়ে শক্ত

আবরণ এনামেল ক্ষয় হয়ে যাওয়া।

আমরা জানি একটি দাঁতের গঠন

প্রক্রিয়ায় প্রথম আবরণটিই হচ্ছে

এনামেল, এই এনামেল আমাদের

শরীরের সবচেয়ে শক্ত অংশ।

যখনই কোনো কারণে এই এনামেল

ক্ষয়প্রাপ্ত হয়, তখন দাঁতের পরবর্তী

অংশ ডেন্টিন বেরিয়ে আসে।

যেহেতু ডেন্টিনের নিচের অংশেই

নার্ভ, আর্টারি, ব্লাড ভেসালস

ইত্যাদি থাকে সেহেতু দাঁতটি খুবই

স্পর্শকাতর হয়ে পড়ে এবং তখনই

ঠান্ডা বা গরম কিছু তরল পদার্থ

লাগার সাথে সাথেই দাঁতটি শির-



শির করে। এই এনামেল ক্ষয় হয়ে

যাওয়ায় প্রধান কারণগুলির মধ্যে

আছে

১. দাঁত ভেঙ্গে যাওয়া

২. অতিরিক্ত দাঁত ব্রাশ এর ঘর্ষণে

এনামেল ডেন্টাল ক্ষয় হয়ে যাওয়া

৩. দাঁতের ক্ষয় হয়ে যাওয়া

(ডেন্টাল ক্যারিজ)

৪. দাঁত থেকে মাড়ি সরে যাওয়া

৫. নকল দাঁত বা ডেনচার এর

ক্রমাগত ঘর্ষণ লাগা

৬. ক্রাউন ব্রিজ করার ক্ষেত্রে

দাঁত কেটে ফেলা

৭. দাঁতের ক্র্যাক (Crack) হওয়া

৮. কিছু কিছু বদ অভ্যাস যেমন

পেন্সিল বা কলম দিয়ে দাঁত কামড়

দিয়ে ধরে রাখা ইত্যাদি।

যখনই কোনো দাঁত-এ এই ধরনের

শিরশির করবে তখনই সেই দাঁতটি

পরীক্ষা করে দেখতে হবে কোনো

ফাঁটা বা ফাটল আছে কিনা এবং

কোনো কারণে এনামেল ক্ষয় হয়েছে

কিনা। এসব ক্ষেত্রে একটি এক্সরের

মাধ্যমে বোঝা যাবে মাড়ি ও দাঁতের

অবস্থান এবং সেই সাথে কোনো গর্ত

বা ফাটল এর অবস্থাও নিশ্চিত করা

যাবে।

চিকিৎসা

আজকাল এ ধরনের সমস্যার

অতিক্রম চিকিৎসা নিশ্চিত করা যায়

১. প্রথমত: চিকিৎসা ব্যবস্থার মধ্যে

প্রথমেই মাড়ি ও দাঁতের সংযোগস্থল

থেকে সমস্ত পাথর বা ডেন্টাল প্লাক

পরিষ্কার করা প্রয়োজন। এই

ধরনের কাজে সাধারণত: ডেন্টাল

স্কেলিং করা হয় যেমন-

আলট্রাসোনিক স্কেলিং এর মাধ্যমে

সমস্ত দাঁতের গোড়া ও মাড়ি থেকে

খাদ্য কণা পরিষ্কার করা।

২. দ্বিতীয়ত: ক্ষয়ে যাওয়া অংশটুকু

বা ভেঙ্গে যাওয়া অংশটুকু আজকাল

খুবই আধুনিক পদ্ধতিতে লাইট

কিউর ফিলিং দিয়ে ভর্তী করে দেয়া

যাতে ক্ষয়ে যাওয়া এনামেল এবং

ডেন্টিন আবার পূরণ হয়ে যায়।

এক্ষেত্রে গ্লাস আইনোমার ফিলিং

দিয়েও দাঁতটি ভর্তী করা যায়।